

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ শাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.০৮৯.১৮- ৩৫০

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৫
২৮ জুন ২০১৮


বিষয় : রিট পিটিশন নং-৬০০৪/২০১৮ [পিটিশনার জনাব মোঃ কবিরুল ইসলাম, পিতা- মৃত মুনছুর রহমান বিশ্বাস, থানা- চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ] মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ প্রসঙ্গে।

সূত্র : সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৫/০৫/২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগের ০৭/০৫/২০১৮ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন আলাতুলী ইউ,পির “কোদালকাটি উচ্চ বিদ্যালয়ের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” কাজের বিল পরিশোধ করার বিষয়ে জনাব মোঃ কবিরুল ইসলাম পিটিশনার হয়ে হাইকোর্ট বিভাগে ৬০০৪/২০১৮ নং রিট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করেন। এছাড়া বর্ণিত বিষয়ে পিটিশনারের গত ০৮/০৬/২০১৬ এবং ০৪/০৪/২০১৮ তারিখের আবেদন আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য প্রতিপক্ষগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণ পূর্বক সরকার পক্ষে জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : ওকালতনামা ১(এক) ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপ-সচিব

ফোন: ৯৫৪০১৯৭

ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর
সলিসিটর উইং
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।

সদয় অবগতি /কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নি জেনারেল অব বাংলাদেশ, এটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি/মাষ্টার কপি।